দৈনিক বাংলা

37

তারিখ ...06 JUL 1991 ...
পৃষ্ঠা... ১ ...কলাম ... ৫ ...

(৩১)

## ছাত্রছাত্রীদের জন্য পরিচয়পত্র

# আজ ঢাকা ভার্সিটি খুলছে ঃ হলে হলে কড়া পুলিশ প্রহরা

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

দুটি ছাত্র সংগঠনের রক্তাক্ত সংঘর্ষ এবং একজন ছাত্রের শোকাবহ মৃত্যুর মধ্য দিয়ে বন্ধ হয়ে যাওয়া ঢাকা বিশ্ববিদ্যালয় ১৫ দিন পর আজ খুলছে।

ইতোমধ্যে গতকাল কড়া পুলিশ প্রহরায় বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলি খুলে দেয়া হয়েছে। তবে খুব অল্প সংখ্যক ছাত্র-ছাত্রীই গতকাল হলে ফিরে এসেছে। গতকাল সকাল থেকেই হলগুলির গেটে পুলিশ প্রহরা বসানো হয়। আবাসিক শিক্ষকরা পরিচয়পত্র পরীক্ষা করে ছাত্র-ছাত্রী-দের হলে ঢুকতে দেন। শুধুমাত্র পরিচয়পত্রধারী আবাসিক ছাত্র-ছাত্রীদের হলে প্রবেশ করতে দেয়া হয়। অনাবাসিক ছাত্র-ছাত্রীদের হলে প্রবেশ করতে দেয়া হয়নি।

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞা প্রক্টর এবং অন্যান্য সিনিয়র শিক্ষকদের নিয়ে বিভিন্ন আবাসিক হল পরিদর্শন করেন।

জগন্নাথ হলে দুপুরে এক অপ্রীতি-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি খুলছে

(প্রথম পৃষ্ঠার পর)

কর ঘটনায় ছাত্রলীগের (না-শ) নিখিল নামে একজন কর্মী প্রতিপক্ষ ছাত্র সংগঠনের কর্মীদের হাতে প্রহৃত হয়। নিখিল অভিযোগ করেছেন যে, হলে প্রবেশ করতে গেলে ছাত্রলীগ (শা-অ) কর্মীরা তাকে বাধা দেয় এবং মারধর করে।

আজ থেকে আগামী এক সপ্তাহ ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কোন সমাবেশ বা মিছিল করা যাবে না। এজন্যে আগে থেকে কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভা-পতি বেলাল চৌধুরী এবং সাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাস-মুক্ত করার লক্ষ্যে যথাযথ ভূমিকা পালনের জন্য সরকার, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং সকল রাজনৈতিক দলের প্রতি আহবান জানিয়েছেন।